

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
যৌথ বাহিনী নির্দেশাবলি
(Joint Services Instructions)

নম্বর ৪/২০১৯

তারিখ : ১৬ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-৪/২০১৯। সশস্ত্র বাহিনীর অফিসারগণের স্বল্প মূল্যে পোশাক ও অত্যাৱশ্যকীয় সামগ্রী প্রদান।

সংশোধনী

১। (ক) সশস্ত্র বাহিনীতে কর্মরত অফিসারগণের স্পোর্টস কোর্টের জন্য রঞ্জিন সিনথেটিক/উলেন কাপড়, মোজা নাইলন (কালো/সাদা), বালিশের ওয়াড় ও বিছানার চাদর এর প্রাধিকার সংশোধন; (খ) মহিলা অফিসারগণের (এএমসি), এডিসি এবং এএফএনএসসহ) জন্য ব্রোচ প্রাধিকার করণ; (গ) বিমান বাহিনীর অফিসারগণের জন্য কম্ব্যাট পোশাকের প্রাধিকার করণের বিষয়ে সরকার সশস্ত্র বাহিনীর অফিসারগণের জন্য পোশাক ও অত্যাৱশ্যকীয় দ্রব্যসামগ্রীর প্রাধিকার সংক্রান্ত যৌথ বাহিনী নির্দেশাবলি ৩/৮৭ এর 'ক্রোড়পত্র ক', ক্রমিক নম্বর ৬গ, ১৩খ, ১৭ ও ১৮ এবং যৌথ বাহিনী নির্দেশাবলি ১/২০১৭ এর 'ক্রোড়পত্র ক', ক্রমিক নম্বর ৬ক সংশোধন এবং ক্রমিক নম্বর ২৪ নতুনভাবে সংযোজন করা হইল।

২। এই বাবদ অতিরিক্ত অর্থ সশস্ত্র বাহিনীর নিয়মিত বাজেট হইতে সংকুলান করিতে হইবে।

৩। এই আদেশ জারিতে অর্থ বিভাগের সম্মতি রহিয়াছে (প্রতিরক্ষা মন্ত্রণালয় নথি নম্বর ২৩.০০.০০০০.১৯০.৩৩.০৩১.১৫ এবং অর্থ বিভাগের পত্র নম্বর ০৭.০০.০০০০.১৭৪.৩৩.০২৯.১৪-৭০; তারিখ: ১২ নভেম্বর ২০১৯)।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হইল।

৫। এই আদেশ জারির তারিখ হইতে কার্যকর হইবে।

মাহফুজা আখতার
অতিরিক্ত সচিব।

(১৫০১)
মূল্য : টাকা ৪.০০

সশস্ত্র বাহিনীর অফিসারগণকে স্বল্প মূল্যে পোশাক ও অত্যাৱশ্যকীয় সামগ্রী প্রদানের সম্মিলিত তালিকা

ক্রমিক	দ্রব্যের বিবরণ	গণনার একক	প্রাধিকৃত পরিমাণ	এককের মূল্য (ভর্তুকি হারে)	যাহার জন্য প্রযোজ্য	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

৬। ওয়ার্কিং ড্রেসের জন্য কাপড়

ক।	(১) কম্বাট প্রিন্টেড কাপড় (১৪২-১৫২ সেগমি বহর)	মিটার	ক। প্রতি ১৬ মাসের জন্য ৬.৪০ মিটার (০২ সেট) খ। প্রতি ১৬ মাসের জন্য ৭.৮০ মিটার (০২ সেট)	৩৫.০০ ৩৫.০০	সেনাবাহিনীর অফিসার (পুরুষ ও মহিলা) মহিলা ডাক্তার (মেজর পদবি পর্যন্ত) বিমান বাহিনী অফিসার	ক। তৈরী পোশাক সরবরাহ করা হইলে কাপড়ের মূল্যের সহিত সেলাইয়ের মূল্য পরিশোধযোগ্য। খ। শাড়ী পরিধানে অনিচ্ছুক লেঃ কর্নেল তদূর্ধ্ব মহিলা ডাক্তারগণ মেজর পদবির ন্যায় প্রাধিকৃত। গ। বিমান বাহিনীর জন্য ৭.৮০ মিটার (ক্যাপসহ)।
গ।	স্পোর্টস কোর্টের জন্য রজিন সিনথেটিক/উলেন কাপড় (১৪২-১৫২ সেগমি বহর)	মিটার	প্রতি ৬০ মাসের জন্য ১.৮৩ মিটার	৯৯.০০	সেনা অফিসার নৌ অফিসার বিমান বাহিনী অফিসার	তৈরি পোশাক সরবরাহ করা হইলে কাপড়ের মূল্যের সহিত সেলাইয়ের মূল্য পরিশোধযোগ্য।

১৩। মোজা

খ।	মোজা নাইলন (সাদা/কালো)	জোড়া	প্রতি ১২ মাসের জন্য ০৪ জোড়া	৫.৩৯	সকলের জন্য	০২ জোড়া সাদা মোজা সুজ ক্যানভাসের জন্য এবং ০২ জোড়া কালো মোজা সু অক্সফোর্ড এর জন্য।
----	------------------------	-------	------------------------------	------	------------	---

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১৭।	বালিশের ওয়াড় ও বিছানার চাদর (ডবল)	সেট	প্রতি ১২ মাসের জন্য ০৪ সেট	৯১.৭০	সকলের জন্য	ক। বিবাহিত অফিসারগণের জন্য। খ। ০১ সেট = ০২টি বালিশের ওয়াড় এবং ০১টি বিছানার চাদর (ডবল)।
১৮।	বালিশের ওয়াড় ও বিছানার চাদর (সিংগেল)।	সেট	প্রতি ১২ মাসের জন্য ০২ সেট	৬৩.৮০	সকলের জন্য	ক। অবিবাহিত অফিসারগণের জন্য। খ। ০১ সেট = ০১টি বালিশের ওয়াড় এবং ০১টি বিছানার চাদর (সিংগেল)।
২৪।	ব্রোচ	নম্বর	প্রতি ১৮ মাসের জন্য ০১ টি	৫০.০০	সেনা, নৌ, ও বিমান বাহিনীর মহিলা অফিসার (এএমসি, এডিসি এবং এএফএনএসসহ)	নতুন সংযোজন।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd